

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৭২০/২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ে কপি।
- (৪) স্মারক নং-৪৬.১১৩.৪২৯.০০.০০০.২০২১-১৬২, তারিখ: ২৮/১০/২০২১ইং মোতাবেক সভার কার্যবিবরণী।
- (৫) ধোলাইখাল এস.এল.এস হতে ফরিদাবাদ এস.এল.এস পর্যন্ত মেইন ট্রাংক সুয়ার লাইনের নকশা।
- (৬) পিপিআর-২০০৮, ফোর্স একাউন্ট এর কপি।
- (৭) দরের স্বপক্ষে ম্যাস ক্লিনিং কাজের দর নির্ধারণ কল্পে গঠিত কমিটির সুপারিশকৃত দর।
- (৮) ম্যাস ক্লিনিং কাজের প্রাক্কলন।
- (৯) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Mass cleaning of Trunk sewer line from Dholaikhal SLS to Faridabad SLS with related sump well, inlet and delivery chamber cleaning by daily basis sewer cleaner under PSTP Division.

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৯ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে সর্বশেষ ধাপে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগার হতে বর্তমানে লিফট পাম্প, প্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ঢাকা শহরের প্রধান ৪টি পয়ঃ লাইন ক্লিনিং সহ বিভিন্ন মডস্ জোন অর্থাৎ মডস্ জোন-১, ২, ৩, ৫, ৬ এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় ইলেকট্রোমেকানিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুস্থভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত পয়ঃ উত্তোলন কেন্দ্র হতে পয়ঃনেটওয়ার্কের মাধ্যমে পয়ঃসমূহ প্লান্টের ইনলেট চেম্বারে জমা হয়। সেই কারণে উক্ত ট্রাংক মেইনে সুয়ারের ফ্লো স্বাভাবিক রাখার লক্ষ্যে ম্যাস ক্লিনিং করা প্রয়োজন। উল্লেখ্য যে, ঢাকা ওয়াসায় বিদ্যমান পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা ও পয়ঃ নেটওয়ার্ক বিষয়ে এক সমন্বয় সভা গত ২৮/১০/২০২১ইং তারিখ ডাইরেক্টর (টেকনিক্যাল) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছিল (সংযুক্তি-৪)। উক্ত সভায় সুস্থভাবে পয়ঃ নিষ্কাশন ব্যবস্থাপনা নিশ্চিতের লক্ষ্যে প্রতিটি এস.এল.এস হতে পরবর্তী এস.এল.এস পর্যন্ত ট্রাংক সুয়ার লাইনগুলি পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ কর্তৃক ক্লিনিং করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৭২০/২০১১ এ প্রধান পয়ঃ লাইন সমূহ পরিষ্কার ও সংস্কার পূর্বক পয়ঃ প্রবাহ বৃদ্ধি করার কথা নির্দেশনা-৬ এ রয়েছে। তারই ধারাবাহিকতায় উদ্ধর্তন কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে দৈনিক মজুরী ভিত্তিতে সুয়ার ক্লিনার নিয়োজিত করে ট্রাংক সুয়ার লাইন ও চেম্বার ক্লিনিং কাজ করা হবে। সেই আলোকে ধোলাইখাল এস.এল.এস হতে ফরিদাবাদ এস.এল.এস পর্যন্ত ট্রাংক সুয়ার লাইন ক্লিনিং সহ উক্ত এস.এল.এস এর ইনলেট ও আউটলেট চেম্বার, ডক, স্ট্রীন চেম্বার ক্লিনিং করা প্রয়োজন।

১.১। সেই আলোকে ম্যাস ক্লিনিং কাজের দর নির্ধারণ কল্পে গঠিত কমিটির সুপারিশকৃত দরের ভিত্তিতে “Mass cleaning of Trunk sewer line from Dholaikhal SLS to Faridabad SLS with related sump well, inlet and delivery chamber cleaning by daily basis sewer cleaner under PSTP Division” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হল (ক্রমিক নং-৮ দ্রঃ)। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪ জন x ৩ গ্রুপ x ১৯ দিন = ২২৮ দিন x ১২০০/- = ২,৭৩,৬০০.০০ (দুই লক্ষ তেরাত্তর হাজার ছয়শত) টাকা মাত্র। উক্ত কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০০২) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৫০; প্যাকেজ নং-E5(থোক বরাদ্দ) হতে নির্বাহ করা যেতে পারে। উল্লেখ্য যে, উক্ত কাজের জন্য ডি-ওয়াটারিং মেশিন বিভাগীয় ভাবে সরবরাহ করা হবে। উত্তোলিত প্লাজ ভ্যানের সাহায্যে একত্রিত করে ট্রাকের মাধ্যমে সরানো হবে। প্লাজ সরানো, সাবল, কোদাল, বস্তা, তার, সুতলী এবং বরাক বাঁশ দিয়ে তৈরী বাথারী অন্য ফাইল দ্বারা সমন্বয় করা হবে। কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য Task Force টিমের মাধ্যমে মনিটরিং করা হবে। জনস্বার্থে কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন।

১.২। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.১ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Mass cleaning of Trunk sewer line from Dholaikhal SLS to Faridabad SLS with related sump well, inlet and delivery chamber cleaning by daily basis sewer cleaner under PSTP Division" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

ক) কাজটি পিপিআর-২০০৮ এর ৮২(১) বিধি অনুসারে ফোর্সড একাউন্টের মাধ্যমে অত্র বিভাগের অনুকূলে মজুরীর বিনিময়ে সরাসরি সুয়ার ক্রিনার নিয়োজিত করে সম্পাদনের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ২,৭৩,৬০০.০০ (দুই লক্ষ তেয়াত্তর হাজার ছয়শত) টাকা মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০০২) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

০৫/০২/২৫
সম্প্রতি মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

০৫/০২/২০২৫
মোঃ রাহাত শিকদার
মির্জাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

০৫/০২/২০২৫
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

১.৩/ অনু-১.২.২০ প্রাপ্ত ১০০
অনুমোদন ৫৩৭ (১০০ টাকা)।

১৫/০২/২৫

প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

EE, PSTP

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।


১৫/০২/২৫
মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।


Dhaka Water Supply & Sewerage Authority
Office of the Executive Engineer
PSTP Division, Dhaka WASA.

Name of Work: Mass cleaning of Trunk sewer line from Dholaikhal SLS to Faridabad SLS with related sump well, inlet and delivery chamber cleaning by daily basis sewer cleaner under PSTP Division.

Sl. No.	Basis of Rate	Description of Items	Quantity	Unit	Unit rate (Tk.)	Amount (Tk)
1		3	5	4	6	7
1	Approved rate	Providing sewer cleaner (Daily Basis) for Mass Cleaning of Dholaikhal SLS to Faridabad SLS with related sump well, inlet and delivery chamber cleaning under PSTP Division, Dhaka WASA.				
		a)Sewer cleaner Sewer cleaner × Group × Days 4 × 3 × 19 = 228 Man-day	228	Man-Day	1200.00	273,600.00
			Grand Total Taka			273,600.00

Taka (In words) : Two Lakh Seventy Three Thousand Six Hundred Point Zero Zero Only.


05/02/25
সম্পদ মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
শাখা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


05.2.2025
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
শাখা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


05/02/2025
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী
শাখা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।